# ক্রোয়েশিয়ার প্রধানমন্ত্রীর সঙ্গে তারেক রহমানের দ্বিপাক্ষিক বৈঠক



ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে ক্রোয়েশিয়ার প্রধানমন্ত্রী আন্দ্রেজ প্লেনকোভিচের দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২৩ সেপ্টেম্বর) যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সাইডলাইনে দুই নেতার এ বৈঠক হয়।

বৈঠকে বাংলাদেশ ও ক্রোয়েশিয়ার বিদ্যমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও এগিয়ে নেওয়ার বিষয়ে আলোচনা করেন দুই প্রধানমন্ত্রী। পাশাপাশি বাণিজ্য ও বিনিয়োগ বাড়ানো এবং পারস্পরিক স্বার্থের বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতার সুযোগ নিয়েও কথা বলেন তারা।

অর্থনৈতিক সম্পর্ক জোরদারের পাশাপাশি দক্ষ জনশক্তি, শিক্ষা ও প্রযুক্তি খাতে সহযোগিতা বাড়ানোর ওপর গুরুত্ব দেন তারেক রহমান ও আন্দ্রেজ প্লেনকোভিচ। সম্ভাবনাময় অন্যান্য খাতেও দুই দেশের পারস্পরিক সহযোগিতা সম্প্রসারণের বিষয়টি আলোচনায় আসে।

এ ছাড়া জাতিসংঘসহ বিভিন্ন বহুপাক্ষিক ফোরামে বাংলাদেশ ও ক্রোয়েশিয়ার মধ্যে সহযোগিতা আরও বাড়ানোর বিষয়ে গুরুত্ব দেওয়া হয়। অভিন্ন স্বার্থের আন্তর্জাতিক বিষয়গুলোতে দুই দেশের মধ্যে সমন্বয় জোরদারের বিষয়েও আলোচনা করেন দুই প্রধানমন্ত্রী।

LENS ASIA